



## প্রেস রিলিজ

12 অক্টোবর 2004

### ক্রসরেলের ইন্ডিপেন্ডেন্ট চেয়ারম্যান নিযুক্ত হয়েছেন

ক্রস লন্ডন রেল লিংকস্ এর প্রধান নির্বাহী নরম্যান হেস্ট ক্রস লন্ডন রেল লিংকসের ইন্ডিপেন্ডেন্ট চেয়ারম্যান হিসাবে এড্রিয়ান মন্টেগু'র নিয়োগকে স্বাগত জানিয়েছেন।

মিঃ হেস্ট বলেন, 'এই নিযুক্তি অত্যন্ত উল্লেখযোগ্য এবং এর মাধ্যমে এলাকার পরিবহন ব্যবস্থায় উন্নতি আনার জন্য সরকারের যে পরিকল্পনা আছে সেটা বাস্তবায়নে এই প্রোজেক্টের গুরুত্ব প্রমাণ করে।'

তিনি আরো বলেন, 'আমরা ক্রিস্টোফার বেনসনের কাছে কৃতজ্ঞ যিনি এই পদ থেকে সরে দাড়াচ্ছেন, তিনি এই রেলপথ বাস্তবায়নে আমাদেরকে অত্যন্ত সমস্যা সংকুল সময় পার করতে সাহায্য করেছেন।'

মিঃ হেস্ট বোর্ডে অন্যান্য যেসব পরিবর্তন এসেছে সেগুলোকেও স্বাগত জানিয়েছেন। এসআরএ (SRS) কর্তৃক নিয়োগকৃত তিনজন ডাইরেক্ট রিচার্ড বোকার, জিম স্ট্রি এবং ডাউ সাদারল্যান্ডের জায়গায় আসছেন তিনজন নতুন ডাইরেক্টর যারা হলেন টিম থিরওয়াল, জন কার্টার এবং মাইক ফার। টিএফএল (TfL) এর তিনজন ডাইরেক্টর বব কাইলী, জে ওয়াল্ডার এবং ইয়ান ব্রাউন তাদের পদে বহাল থাকবেন।

তিনি আরো বলেন, 'পার্লামেন্টের কাছে ক্রসরেলের বিলটাকে তুলে ধরার এবং পার্লামেন্টারি বিবেচনা প্রক্রিয়া শুরু করার জন্য এখন আমাদের একটা শক্তিশালী টিম রয়েছে।'

শেষ

আরো তথ্যের জন্য 020 7150 8760/07739 226 285 নম্বরে ক্রসরেলের মিডিয়া ম্যানেজার ইয়ান র্যাথবোনের সাথে যোগাযোগ করুন, ফ্যাক্স নম্বর 020 7150 8801, ই-মেইল [ianrathbone@crossrail.co.uk](mailto:ianrathbone@crossrail.co.uk)

সম্পাদকদের জানার জন্য:

১. ক্রস লন্ডন রেল লিংকস্ লিমিটেড হলো ট্রান্সপোর্ট ফর লন্ডন (TfL) এবং স্ট্র্যাটেজিক রেল অথরিটি (SRS) এর আধা-আধি মালিকানাধীন যৌথ উদ্যোগ। ক্রসরেল লাইন 1 এবং 2 এর সম্ভাবনা যাচাই ও ক্রসরেল লাইন 1 এর অধিকার পাওয়ার করার জন্য ডিপার্টমেন্ট ফর ট্রান্সপোর্টের 10 বছরের পরিকল্পনা অংশ হিসাবে এই কোম্পানি 154 মিলিয়ন পাউন্ড বরাদ্দ পেয়েছে।

২. 0845 602 3813 নম্বরে দিনে চব্বিশ ঘন্টাব্যাপী এবং সপ্তাহে সাত দিন উন্মুক্ত একটা হেল্পলাইন আছে, এর ইমেইল ও ওয়েব ঠিকানা হলো যথাক্রমে [helpdesk@crossrail.co.uk](mailto:helpdesk@crossrail.co.uk) এবং [www.crossrail.co.uk](http://www.crossrail.co.uk) যেখানে আপনি এর পটভূমি বিষয়ক বিভিন্ন তথ্য পাবেন।

৩. এড্রিয়ান মন্টেগুকে নিয়োগের বিষয়টি মেয়র অফ লন্ডনের সাথে সমঝোতার ভিত্তিতে এ্যালিয়েস্টার ডারলিং গ্রহণ করেছেন। এটা এবং অন্যান্য পরিবর্তনের বিষয়গুলি CLRL বোর্ডে খুব শীঘ্রই কার্যকরী হবে।

৪. CLRL বর্তমানে SRA এবং TfL এর মধ্যে আধা-আধি মালিকানাধীন একটি যৌথ উদ্যোগ। এদের প্রতিটাই CLRL বোর্ডে তিনজন ডাইরেক্টর নিয়োগ করেন। যেখানে SRA এবং TfL এর ডাইরেক্টররা ভিন্নমত পোষন করেন সেখানে বর্তমান চেয়ারম্যান স্যার ক্রিস্টোফার বেনসন ভোট দিতে করতে পারেন না। DfT এবং TfL এর মধ্যে CLRL কে একটি আধা-আধি মালিকানাধীন যৌথ উদ্যোগ হিসাবে পুনঃগঠন করা হয়েছে। নতুন চেয়ারম্যান এড্রিয়ান মন্টেগু'র একটা ভোটাধীকার থাকবে যার ফলে দু'জন শেয়ারহোল্ডার ভিন্নমত পোষন করলেও একটা সিদ্ধান্ত নেয়া যায়।

৫. ২০ জুলাই ২০০৪ তারিখে ক্রসরেল সম্বন্ধে এড্রিয়ান মন্টেগু'র দৃষ্টিভঙ্গীকে এ্যালিয়েস্টার ডারলিং প্রকাশ করেন এবং তার একটি বক্তব্যকে তুলে ধরেন যেখানে বলেছেন যে 'যথাসম্ভব শীঘ্র পার্লামেন্টে একটা হাইব্রিড বিল উত্থাপনের মাধ্যমে ক্রসরেল তৈরীর জন্য যথাযথ ক্ষমতা অন্বেষণ করতে হবে।' এই বক্তব্যের একটা পূর্ণ বিবরণ পাওয়া যাবে [www.dft.gov.uk](http://www.dft.gov.uk) ঠিকানায়।

৬. এড্রিয়ান মন্টেগু সিবিই ব্রিটিশ এনার্জি পিএলসি এবং মাইকেল পেজ ইন্টারন্যাশনাল পিএলসি এর চেয়ারম্যান। তিনি ২০০১ সালে নেটওয়ার্ক রেলের তৈরীর পর থেকে এটার ডেপুটি চেয়ারম্যান হিসাবে কর্মরত আছেন। কিন্তু তিনি CLRL এর পদ গ্রহণের পরে এই পদ থেকে সরে দাড়াবেন। তার এই নিয়োগ হবে প্রো বনো (pro bono) এবং এটা ৩১ মার্চ ২০০৫ পর্যন্ত কার্যকরী থাকবে, এই সময়ের ভেতরে পার্লামেন্টে হাইব্রিড বিল উত্থাপিত হয়ে যাবে বলে আশা করা হচ্ছে। নিয়োগপ্রাপ্ত অন্যান্যরা - টিম থারওয়াল, জন কার্টার এবং মাইক ফার'কে এই সময়ে আমন্ত্রণ জানানো হবে।

৭. বেকটেল গ্রুপের মতো বিশাল ইঞ্জিনিয়ারিং এবং কনস্ট্রাকশন গ্রুপের সিনিয়র এক্সিকিউটিভ ম্যানেজমেন্ট টিমের একজন সদস্য ছিলেন জন কার্টার। তিনি নর্থওয়েস্ট ন্যাচারাল গ্যাস কোম্পানি (NYSE:NWN) এবং লন্ডন এ্যান্ড কন্টিনেন্টাল রেলওয়েজ্ লিমিটেড ইউকে'র সদস্য।

৮. মট ম্যাকডোনাল্ড নামক প্রকৌশল কোম্পানিতে তার ৩৬ বছরের চাকুরী জীবনে, টিম থারওয়াল ব্যাপকভাবে রেলওয়ে প্রোজেক্টে কাজ করেছেন এবং আট বছর ম্যানেজিং ডাইরেক্টর হিসাবে দায়িত্ব পালন করেছেন।

৯. মাইক ফার ডিপার্টমেন্ট ফর ট্রান্সপোর্টের মেজর প্রোজেক্টের ডাইরেক্টর।

১০. বব কাইলী TfL এ ট্রান্সপোর্ট কমিশনার হিসাবে কর্মরত আছেন।

১১. জে ওয়াল্ডার TfL এ ফাইন্যান্স এবং প্ল্যানিংয়ের ম্যানেজিং ডাইরেক্টর।

১২. ইয়ান ব্রাউন ট্রান্সপোর্ট ফর লন্ডনের রেল ডাইরেক্টরেটের ম্যানেজিং ডাইরেক্টর - এবং ডকল্যান্ডস্ লাইট রেলওয়ের চেয়ারম্যান।